DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 13 Sep 2026, 03:10 PM

সারাদেশ

# বাঁচার আকুতি আরাফাতের, চিকিৎসার জন্য সহযোগিতা চায় পরিবার

প্রতিবেদক: পটুয়াখালী প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি আরাফাত

পটুয়ালীর কুয়াকাটায় ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন ১৮ বছর বয়সী আরাফাত। চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ এই শিক্ষার্থী অর্থাভাবে প্রয়োজনীয় চিকিৎসা নিতে পারছেন না। বর্তমানে নিজ বাড়িতে শয্যাশায়ী তিনি। তাঁকে বাঁচাতে সমাজের বিত্তবান ও সহৃদয় মানুষের কাছে সহযোগিতার আবেদন জানিয়েছে পরিবার।

কুয়াকাটা পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের পাঞ্জুপাড়া এলাকায় দীর্ঘদিন ধরে অসুস্থ অবস্থায় বিছানায় পড়ে আছেন আরাফাত। তাঁর চিকিৎসার ব্যয় বহন করতে গিয়ে পরিবারের সঞ্চয় ও সামর্থ্যের প্রায় সবটুকুই শেষ হয়ে গেছে। দিনমজুর বাবা সারাদিন পরিশ্রম করেও এখন আর ছেলের চিকিৎসার খরচ জোগাতে পারছেন না।

আরাফাতের বাবা লিটন ঢালী ও মা ফাতেমা বেগম জানান, তাঁদের তিন ছেলের মধ্যে আরাফাত সবার বড়। বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে

কুয়াকাটা বঙ্গবন্ধু মাধ্যমিক বিদ্যালয় থেকে চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তিনি। পড়াশোনা চালিয়ে গিয়ে ভবিষ্যতে পরিবারের হাল ধরার স্বপ্ন ছিল তাঁর।

পরিবারের সদস্যরা জানান, ব্রেন স্ট্রোকে আক্রান্ত হওয়ার পর থেকে আরাফাতের শারীরিক অবস্থার ক্রমেই অবনতি হচ্ছে। অর্থের অভাবে নিয়মিত চিকিৎসা ও প্রয়োজনীয় ওষুধের ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না। বর্তমানে বাড়ির বিছানায় চিকিৎসাধীন রয়েছেন তিনি।

স্বজনদের দাবি, চিকিৎসকেরা আরাফাতকে দ্রুত উন্নত চিকিৎসা দেওয়ার পরামর্শ দিয়েছেন। সময়মতো চিকিৎসা না হলে তাঁর জীবন নিয়ে শঙ্কা রয়েছে। তাই আরাফাতের জীবন বাঁচাতে সমাজের বিত্তবান, মানবিক ও সহৃদয় মানুষের সহযোগিতা চেয়েছে পরিবার।

আরাফাতের বাবা লিটন ঢালী বলেন, □সারাজীবন দিনমজুরের কাজ করেও কখনো কারও কাছে হাত পাতিনি। কিন্তু আজ ছেলেকে বাঁচাতে মানুষের কাছে হাত বাড়ানো ছাড়া আর কোনো উপায় নেই। সবাই আমার ছেলেকে বাঁচাতে সহযোগিতার হাত বাড়িয়ে দিন।□

আরাফাতকে সহায়তা করতে যোগাযোগ: ফাজানা বেগম□০১৭৫৭১৬১৫৫৩।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**
কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**
ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/banchar-akuti-arafater-chikitsar-jnj-shjogita-chay-pribar